৩. রীমার কাজের মাধ্যমে কী প্রকাশ পেয়েছে?

ক. সৃষ্টির প্রতি ভালোবাসা

খ. সৃষ্টির প্রতি প্রভুত্ব

গ. সৃষ্টির উপর কর্তৃত্ব

ঘ. নিজের আধিপত্য বিস্ত ার

৪. উদ্দীপকে প্রকাশ পায়–

ক. সৃষ্টির উত্তমতা

খ. ঈশ্বরের ভালোবাসা

গ. সৃষ্টির শ্রেষ্ঠত্ব

**নিচের কোনটি সঠিক?**

ক. i

খ. ii

গ. i ও ii

ঘ. i, ii ও iii

## সৃজনশীল প্রশ্ন

১. অর্ণব খাল ভরাট করে তার বসত বাড়ি তৈরি করেছে। গাছ কেটে ঘরের অনেক আসবাবপত্র তৈরি করে ঘরকে সুন্দর করে সাজিয়েছে। কিন্তু বাড়ির চারপাশে সে বিভিন্ন প্লাস্টিক, পলিথিন ও রান্নাঘরের যাবতীয় ময়লা ফেলে খারাপ অবস্থা করেছে। সে পাখির মাংস খেতে পছন্দ করে তাই সে প্রায়ই পাখি শিকার করে। মাঝে মধ্যে সে পশুও শিকার করে। গাছ ও চামড়া বিক্রি করে অর্থও উপার্জন করে।

ক. সকল সৃষ্টির যত্ন নেওয়া কার দায়িত্ব?

খ. সৃষ্টির সৌন্দর্য নষ্ট হওয়ার কারণ কী?

গ. অর্ণবের কাজের মাধ্যমে কী ধরনের সমস্যার সৃষ্টি হয়– ব্যাখ্যা কর।

ঘ. অর্ণব তার কার্যক্রম থেকে বিরত থাকার জন্য কী কী উপায় অবলম্বন করবে বলে তুমি মনে কর– পাঠ্যপুস্ত কের আলোকে তোমার মতামত দাও।

২. জন ও জেনি গাজীপুরের 'প্রার্থনা কুঞ্জে' একটা সেমিনারে গেল। সেখানে গিয়ে সেখানকার পরিবেশ দেখে তারা অবাক হয়ে বলল, 'বাহ্ কী সুন্দর পরিবেশ।' প্রার্থনা কুঞ্জের চারদিকে বিভিন্ন ধরনের ফলের গাছ সারিবদ্ধভাবে রয়েছে। রয়েছে ফুলের বাগানও। পুরোহিত বললেন, 'এ সবই ঈশ্বরের সৃষ্টি।' তারা বাড়ি ফিরে গেল। তারা একটা 'সংঘ' গঠন করল। সংঘের মাধ্যমে দরিদ্রদের সাহায্য, অসুস্থদের সেবা, বয়স্ক শিক্ষা, ফুল ও ফলের গাছ লাগানো ইত্যাদি কার্যক্রম শুরু করে। তাদের উদ্যোগে গ্রামে গাছ কাটা, পাখি শিকার করা ইত্যাদি কাজ বন্ধ হয়। গ্রামের সকলেই তাদের এ কাজে খুব খুশি।

ক. প্রকৃত ভালোবাসার উৎস কে?

খ. কীভাবে সৃষ্টির উত্তমতা হারিয়ে যাচ্ছে?

গ. ঈশ্বরের দেওয়া কী দায়িত্ব জন ও জেনি পালন করে– ব্যাখ্যা কর।

ঘ. জন ও জেনি কাজের মাধ্যমে ঈশ্বরকে ভালোবাসে ও যত্ন করে– উক্তিটি মূল্যায়ন কর।

# দশম অধ্যায়

# ঈশ্বরের সেবক থিওটোনিয়াস অমল গাঙ্গুলী

বালক বয়সে থিওটোনিয়াস অমল গাঙ্গুলী ঈশ্বরের ডাক শুনেছিলেন। সেই ডাকে সাড়া দিয়ে ঈশ্বর ও মানুষের সেবা করার জন্য তিনি যাজকীয় জীবন বেছে নিয়েছিলেন। যাজকীয় সেবা কাজে তিনি আমৃত্যু বিশ্বস্ত ছিলেন বলে মন্ডলী তাঁকে "ঈশ্বরের সেবক" উপাধি দিয়েছে। তিনি বাংলাদেশের খ্রিস্টভক্তদের কাছে পবিত্র ও সাধুতুল্য ব্যক্তিতে পরিণত হয়েছেন। তিনি পুরোহিত, আর্চবিশপ ও শিক্ষাবিদ হিসাবে মানুষ ও ঈশ্বরের সেবায় অকাতরে জীবন বিলিয়ে দিয়েছেন। এভাবে তিনি আমাদের সামনে একজন আদর্শ ব্যক্তিতে পরিণত হয়েছেন। অনেকের কাছে তিনি ছিলেন একজন জীবন্ত সাধু। ধীর-স্থির, শান্ত ও নম্র স্বভাবের কিন্তু অসম্ভব মেধাবী আর্চবিশপ গাঙ্গুলীর জীবনী পাঠ করে আমরা খ্রিস্টমন্ডলীর সেবা কাজে নিজেকে উৎসর্গ করার ও পবিত্র মানুষ হয়ে ওঠার গুরুত্ব উপলব্ধি করার চেষ্টা করব।



ঈশ্বরের সেবক থিওটোনিয়াস অমল গাঙ্গুলী

**এই পাঠ শেষে আমরা**

- আর্চবিশপ গাঙ্গুলীর শৈশব জীবন বর্ণনা করতে পারব;
- আর্চবিশপ গাঙ্গুলীর যাজকীয় জীবন বর্ণনা করতে পারব;
- বিশপ ও আর্চবিশপ হিসেবে গাঙ্গুলীর ভূমিকা বর্ণনা করতে পারব;
- শিক্ষা বিস্ত ার ও যুব গঠনে তাঁর অবদানের কথা বর্ণনা করতে পারব;
- মুক্তিযুদ্ধে আর্চবিশপ গাঙ্গুলীর ভূমিকা ব্যাখ্যা করতে পারব;
- মানবকল্যাণ কাজে আগ্রহী হবো।

## পাঠ ১ : আর্চবিশপ গাঙ্গুলীর জন্ম ও শৈশব

বিংশ শতকের শুরুর দিকে বাংলাদেশ খ্রিষ্টমণ্ডলীর ভাগ্যাকাশে এক নতুন নক্ষত্রের উদয় হয়। এই নক্ষত্রের উদয়স্থল হলো ঢাকা জেলার অন্তর্গত নবাবগঞ্জ থানার হাসনাবাদ গ্রাম। ১৯২০ খ্রিষ্টাব্দের ১৮ই ফেব্রুয়ারি নিকোলাস গমেজ ও রোমানা গমেজের দ্বিতীয় সন্তান থিওটোনিয়াস অমল গমেজের জন্ম হয়। দিনটি ছিল ভস্ম বুধবার। নিকোলাস ও রোমানার তিন ছেলের মধ্যে অমল ছিলেন দ্বিতীয়। বড় ছেলের নাম জেভিয়ার ও ছোট ছেলে বিমল। জন্মের আট দিন পর ২৬শে ফেব্রুয়ারি ১৯২০ খ্রিষ্টাব্দে হাসনাবদ গির্জায় অমলকে দীক্ষাস্নাত করা হয় এবং তাঁর নাম রাখা হয় থিওটোনিয়াস অমল গমেজ। পরে সপরিবারে তারা গমেজ নামের পরিবর্তে গাঙ্গুলী নাম গ্রহণ করেন। ঈশ্বর থিওটোনিয়াস অমল গমেজকে মণ্ডলীর প্রধান করে পাঠালেন। আজ আমাদের কাছে এই মহান ব্যক্তিটি হলেন স্বর্গীয় আর্চবিশপ থিওটোনিয়াস অমল গাঙ্গুলী, সিএসসি। সংক্ষেপে আমরা বলি আর্চবিশপ টি, এ, গাঙ্গুলী।

বাবা আদর করে থিওটোনিয়াসকে 'থেটন' বলে ডাকতেন। অপরদিকে ছোট বালক থিওটোনিয়াসের বুদ্ধির প্রখরতা দেখে ঠাকুরমা বরাবরই খুব খুশি হতেন। তাই তাঁর ঠাকুরমা আদরের নাতিকে 'টেটন' বলে ডাকতেন। দিনে দিনে ঠাকুরমার দেওয়া নামটি থিওটোনিয়াসের কাজের মাধ্যমে প্রকাশিত হতে থাকে অর্থাৎ তার চতুরতা ও বুদ্ধির প্রখরতা সবাইকে আকৃষ্ট করে।

তিন সন্তান নিয়ে বাবা-মা নিকোলাস ও রোমানা সুখেই দিন কাটাতে থাকেন। বাবা নিকোলাস সে দিনগুলোতে কাজ করতেন কলকাতায়। আর মা রোমানা বাড়িতে থেকে সন্তানদের লেখাপড়ার বিষয়ে খুবই যত্নশীল ছিলেন। স্কুলের শিক্ষার পাশাপাশি সন্তানদের ধর্মীয়, নৈতিক ও মানবীয় শিক্ষার দিকগুলোর উপর তিনি বিশেষ গুরুত্ব দিতেন। সন্তানদের প্রতিদিন খ্রিষ্টযাগে অংশগ্রহণ করাকে তিনি উৎসাহিত করতেন। থিওটোনিয়াস অমল গাঙ্গুলী হস্ত র্পণ সাক্রামেন্ত গ্রহণ করেন ১৯৩০ খ্রিষ্টাব্দের ৯ই জুন তারিখে। তাঁরা তিন ভাই ছিলেন ভীষণ মেধাবী। তাঁরা সবাই বাড়ির কাছে স্বনামধন্য বান্দুরা হলিক্রস হাই স্কুলে লেখাপড়া করেছেন। বড় ভাই জেভিয়ার বান্দুরা স্কুলের পড়া শেষ করে বাবার কাছে কলকাতায় চলে যান। সেখানে সে চিকিৎসা শাস্ত্রে ডিগ্রি নিয়ে কলকাতায় প্র্যাকটিস করতে শুরু করেন। ছোট ভাই বিমল বান্দুরা স্কুল থেকে ম্যাট্রিকুলেশন শেষ করে কলেজে পড়ার জন্য ঢাকায় চলে যান।

**কাজ :** তোমার এলাকার এমন একটি আদর্শ পরিবারের বিষয়ে লেখ, যে পরিবার থেকে অন্তত একজন সন্তান ঈশ্বরের ডাকে সাড়া দিয়ে মণ্ডলীতে সেবা কাজ করছেন।

## পাঠ ২ : সেমিনারীতে প্রবেশ ও যাজক পদে অভিষেক

প্রতিটি আদর্শ পরিবারের মা-বাবা সন্তানদের আদর-যত্নে লালনপালন করেন এবং স্বপ্ন দেখেন তাদের নিয়ে। নিকোলাস এবং রোমানাও একইভাবে স্বপ্ন দেখেছিলেন তাদের তিন সন্তানকে নিয়ে। তবে থিওটোনিয়াস অমলকে নিয়ে তাঁদের স্বপ্ন ছিল একটু অন্য রকম। তাঁরা অমলকে প্রতিদিনের খ্রিস্টযাগে যোগ দিয়ে সেবকের ভূমিকা পালন করার ব্যাপারে প্রচুর আগ্রহ ও বিশ্বস্ত তা দেখেছেন। তাই তাঁরা কল্পনা করেছিলেন, একদিন তাঁদের এই সন্তান যাজক হবে। আর সত্যিই দেখা গেল অমলের লক্ষ্য সেই দিকেই।

থিওটোনিয়াস অমল হাসনাবাদ প্রাইমারি স্কুল থেকে তৃতীয় শ্রেণির পড়া শেষ করে ভর্তি হন বান্দুরা হলিক্রস হাই স্কুলে। পড়াশোনায় মেধাবী ও তীক্ষ্ণ স্মরণশক্তির অধিকারী থিওটোনিয়াস বান্দুরা স্কুলের প্রতি শ্রেণিতে প্রথম স্থান অধিকার করতে থাকেন। ধাপে ধাপে সপ্তম শ্রেণিতে উঠে বান্দুরা ক্ষুদ্রপুষ্প সাধ্বী তেরেজা সেমিনারীতে প্রবেশ করেন।

সেমিনারীতে প্রবেশ করতে হলে স্থানীয় পালক-পুরোহিতের বিশেষ সুপারিশ প্রয়োজন ছিল। পালকপুরোহিত জানতেন যে অমল রীতিমতো খ্রিস্টযাগে যোগদান করে ও সেবক হয়। তাই ধর্মপল্লির পালকপুরোহিত খুব সুন্দর সুপারিশ করলেন অমলের জন্য। অমল ১৯৩৭ খ্রিস্টাব্দের জানুয়ারি মাসে ক্ষুদ্রপুষ্প সাধ্বী তেরেজা সেমিনারীতে প্রবেশ করেন। সেমিনারী আর হলিক্রস হাই স্কুল ধরতে গেলে একই আঙ্গিনায় ছিল। স্কুলটি পরিচালনা করতেন হলিক্রস ব্রাদারগণ এবং সেমিনারীর পরিচালক ছিলেন হলিক্রস ফাদারগণ।

থিওটোনিয়াস অমল স্কুল ও সেমিনারীর জীবন একই সাথে চালিয়ে যেতে লাগলেন এবং তা ভালোমতোই চলছিল। লেখাপড়ার পাশাপাশি থিওটোনিয়াস নাটকে অভিনয়, গান গাওয়া, ফুটবল খেলা ইত্যাদিতে খুবই আগ্রহ নিয়ে অংশগ্রহণ করতে থাকেন। পড়াশোনার পাশাপাশি এসব দিকেও তাঁর সুনাম ছড়িয়ে পড়তে লাগল। সেমিনারীর নিয়মকানুন পালনের ব্যাপারে তিনি অনেক যত্নশীল ছিলেন। তাই সব পরিচালকগণও তাঁকে খুব ভালোবাসতেন। বরাবরের মতো সব ক্লাসে প্রথম স্থান অধিকার করে বান্দুরা স্কুল থেকে ১৯৪০ খ্রিস্টাব্দে ম্যাট্রিকুলেশন (বর্তমান এসএসসি) পরীক্ষায় কৃতিত্বের সাথে উত্তীর্ণ হন।

১৯৪০ খ্রিস্টাব্দের জুলাই মাসে থিওটোনিয়াস উত্তর ভারতের রাঁচীর সেন্ট আলবার্ট সেমিনারীতে যোগ দেন। সেখানে তিনি দুই বছর জুনিওরেট কোর্স করেন। এরপর ১৯৪১-এর জুলাই থেকে ১৯৪৩ পর্যন্ত দর্শন শাস্ত্র অধ্যয়ন করেন। পরে ১৯৪৩ থেকে ১৯৪৬ খ্রিস্টাব্দের জুন পর্যন্ত ঐশতত্ত্ব পড়াশুনা করেন। মেধাবী, নম্র, বিনয়ী, ঈশ্বরভক্ত, প্রার্থনাশীল মানুষ হিসাবে সব সময় সকলের কাছে তিনি ছিলেন বিশ্বস্ত বন্ধু। অবশেষে ১৯৪৬ খ্রিস্টাব্দে রাঁচীর সেন্ট আলবার্ট সেমিনারীর পড়াশুনা শেষ করে ২৬শে জুন মাত্র ২৬ বছর বয়সে তিনি যাজকপদে অভিষিক্ত হন।

অভিষিক্ত হয়ে ফাদার থিওটোনিয়াস অমল গাঙ্গুলী ঢাকায় ফেরেন। এরপর তাঁকে নিজ ধর্মপল্লি হাসনাবাদে অভ্যর্থনা দেওয়া হয়। তাঁকে বান্দুরা সেমিনারীতে সহকারী পরিচালক হওয়ার দায়িত্ব দেওয়া হয়। সেখানে তিনি যেন সেমিনারীয়ানদেরকে কিছু ধর্মীয় বিষয় শিক্ষা দেন। অতি আনন্দের সাথে তিনি সেই দায়িত্ব গ্রহণ ও পালন করেন।

## পাঠ ৩ : ফাদার গাঙ্গুলীর পবিত্র ক্রুশ সংঘে প্রবেশ

পবিত্র ক্রুশ সংঘের জন্ম হয়েছিল ফ্রান্স দেশে ১৮৩৫ খ্রিষ্টাব্দে। এই সংঘের যাজক, ব্রাদার ও সিস্টারগণ বাংলাদেশে (তৎকালীন পূর্ববঙ্গে) এসেছিলেন ১৮৫৩ খ্রিষ্টাব্দে। সেই থেকে তাঁরা এদেশে কাজ করতে শুরু করেন। ঢাকা, চট্টগ্রাম, ময়মনসিংহ ও সিলেট ধর্মপ্রদেশে তাঁরা ঈশ্বরের বাণী প্রচার করেন, অগণিত স্কুল, কলেজ ও কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠান তাঁরা স্থাপন করেন। ফাদার থিওটোনিয়াস অমল গাঙ্গুলী ছোট বেলা থেকেই পবিত্র ক্রুশ যাজকদের দেখেছেন। তাঁদের তিনি দেখেছেন আপন ধর্মপল্লি হাসনাবাদে; দেখেছেন বান্দুরা সেমিনারীতে। যাজক হয়ে ঈশ্বর ও মানুষের সেবায় জীবন উৎসর্গের জন্য তিনি ঈশ্বরের ডাক শুনতে পেয়েছিলেন। সেই ডাকে সাড়া দিয়ে তিনি যাজক হয়েছেন। কিন্তু অন্য একটি বিষয় তাঁকে বিমোহিত করেছিল। সেটি হলো পবিত্র ক্রুশ যাজকদের সংঘবন্ধ জীবন। তাই তিনি পবিত্র ক্রুশ যাজক সংঘে যোগ দিতে চেয়েও অনুমতি পাননি। কারণ দেশীয় যাজকদের সংখ্যা বৃদ্ধি করার ব্যাপারে মণ্ডলীর কর্তৃপক্ষ খুব যত্নবান ছিলেন। কিন্তু তাঁকে মণ্ডলীর কর্তৃপক্ষ বলেছিলেন, কেউ যদি যাজক হওয়ার পরে পবিত্র ক্রুশ সংঘে যোগ দিতে চায় সেটা যাচাই করে দেখা যেতে পারে।

বান্দুরা ক্ষুদ্র পুষ্প তেরেজা সেমিনারীতে তিনি এক বছর কাজ করেন। এরপর ঢাকা মহাধর্মপ্রদেশের আর্চবিশপ তাঁকে পড়াশুনার জন্য পাঠান যুক্তরাষ্ট্রে অবস্থিত নটর ডেম বিশ্ববিদ্যালয়ে। সেখানে ফাদার থিওটোনিয়াস দর্শন শাস্ত্রে র উপর পড়াশুনা করে এমএ ডিগ্রি লাভ করেন। এরপর তিনি ১৯৫১ খ্রিষ্টাব্দে পিএইচডি ডিগ্রিও লাভ করেন। পড়াশুনা চলাকালে তিনি সিদ্ধান্ত গ্রহণ করেন পবিত্র ক্রুশ সংঘে প্রবেশ করার। তিনি ঢাকার আর্চবিশপ মহোদয়ের কাছে অনুমতি চেয়ে চিঠি লেখেন। অবশেষে তিনি অনুমতি পেলেন।

পিএইচডি ডিগ্রি লাভের পর ১৯৫১ খ্রিষ্টাব্দের ১৫ই আগস্ট ফাদার থিওটোনিয়াস অমল গাঙ্গুলী পবিত্র ক্রুশ সংঘের নভিশিয়েটে প্রবেশ করেন। নভিশিয়েট তখন অবস্থিত ছিল নটর ডেম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসেই। এক বছর কঠোর নিয়মকানুন ও কৃচ্ছ্রসাধন করে ফাদার গাঙ্গুলীও ব্রত গ্রহণ করার জন্য প্রস্তু ত হলেন। অতঃপর ১৯৫২ খ্রিষ্টাব্দের ১৬ই আগস্ট ফাদার থিওটোনিয়াস অমল গাঙ্গুলী পবিত্র ক্রুশ সংঘের সংবিধান অনুযায়ী দরিদ্রতা, বাধ্যতা ও কৌমার্য—এই তিনটি ব্রত গ্রহণ করেন। এভাবে তিনি পবিত্র ক্রুশ সংঘভুক্ত হন। ব্রত গ্রহণ করে তিনি স্বদেশে প্রত্যাবর্তন করেন।

**চিরব্রত গ্রহণ :** নভিশিয়েট শেষে ব্রতগ্রহণবাণী উচ্চারণ করেছিলেন লাটিন ভাষায়। এরপর তিনি পর পর তিন বছর ব্রত নবীকরণ করেন। সেগুলোও লাটিন ভাষায়ই করেছিলেন। তিন বছর পূর্ণ হলে পর তিনি চিরব্রত গ্রহণ করেন। দিনটি ছিল ১৯৫৫ খ্রিষ্টাব্দের ২৬শে অক্টোবর। সেদিন রমনা ক্যাথিড্রালে বিকাল তিনটায় এক জাঁকজমকপূর্ণ খ্রিষ্টযাগের মাধ্যমে ফাদার গাঙ্গুলীর চিরব্রত গ্রহণের অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

**কাজ :** দলীয় আলোচনার মাধ্যমে তোমরা নিজ নিজ জীবনের আহ্বান পরস্পরের সাথে সহভাগিতা কর।

## পাঠ ৪ : প্রেরণকর্মী ফাদার গাঙ্গুলীর কর্মজীবন

যীশু তাঁর যে শিষ্যদের বাণী প্রচার কাজে পাঠিয়েছিলেন তাঁদের বলা হতো প্রেরিত শিষ্য বা প্রেরিত দূত। বর্তমান কালেও প্রেরিত দূতদের সেই কাজগুলো মন্ডলী চালিয়ে যাচ্ছে। মন্ডলীর কাজগুলো হলো প্রেরণকর্ম। ফাদার গাঙ্গুলী যেসব প্রেরণকর্মে ব্যাপৃত ছিলেন সেগুলোর কয়েকটা নিম্নে উল্লেখ করা হলো :

**ক) শিক্ষক হিসাবে ফাদার গাঙ্গুলী :** প্রেরিত শিষ্যদের মতো ফাদার গাঙ্গুলীও ছিলেন একজন প্রেরণ কর্মী। তাঁকে যেখানে পাঠানো হতো সেখানেই যাওয়ার জন্য তিনি সদা প্রস্তু ত ছিলেন। পড়াশুনা ও নভিশিয়েট শেষে ফাদার গাঙ্গুলী স্বদেশে ফিরে এলে ১৯৫২ খ্রিস্টাব্দের ২৬শে অক্টোবর সন্ধ্যায় লক্ষ্মীবাজার সেন্ট গ্রেগরীজ কলেজে ফাদার থিওটোনিয়াস অমল গাঙ্গুলীকে এক হৃদ্যতাপূর্ণ আনন্দঘন অনুষ্ঠানে অভ্যর্থনা দেওয়া হয়। সেই দিনই জানানো হয় যে, তিনি সেন্ট গ্রেগরীজ (বর্তমান নটর ডেম) কলেজে যুক্তিবিদ্যা পড়াবেন। চির চেনা স্বভাবের পরিচয় দিয়ে ফাদার গাঙ্গুলী নিজের কাজের দায়িত্বটি সানন্দে গ্রহণ করলেন।

যে মানুষটি পাওয়ার চাইতে দেওয়াতেই আনন্দ পান বেশি তিনি তো বসে থাকার পাত্র নন। শিক্ষকতা ছিল তাঁর একটি অতি আনন্দের বিষয়। শিক্ষকতার পাশাপাশি তিনি নিজের চেষ্টায় কলেজের ছাত্রদের সহশিক্ষা কার্যক্রম নিয়ে ব্যস্ত হয়ে পড়লেন। একজন শিক্ষার্থী শুধু পাঠ্যবইয়ের মধ্যে ডুবে থাক তা তিনি কখনো চাননি। তাই তিনি উদ্যোগ নিয়ে ১৯৫৩ খ্রিস্টাব্দের ৯ই আগস্ট আর্চবিশপ গ্রেনারের প্রতিপালক সাধু লরেন্সের পার্বণ উপলক্ষে একটি ক্ষুদ্র নাটিকা মঞ্চায়িত করেছিলেন।

একসময় সেন্ট গ্রেগরীজ কলেজ লক্ষ্মীবাজার থেকে মতিঝিলে স্থানান্তরিত হয়। স্থানান্তরের সময় নির্মাণ কাজ তদারকিতে ফাদার গাঙ্গুলী নিয়োজিত ছিলেন। ১৯৫৪ খ্রিস্টাব্দে কলেজটি মতিঝিলে এসে নতুন নাম ধারণ করে। এখন এর নাম হয় নটর ডেম কলেজ। নটর ডেম কলেজের শুরু থেকে ফাদার গাঙ্গুলী জড়িত ছিলেন। কলেজে তিনি ফাদার টিম, সিএসসি-কে বিতর্ক প্রতিযোগিতায় সাহায্য করতেন। একই সাথে তিনি বিচারকের দায়িত্বও পালন করেন। ১৯৫৮ খ্রিস্টাব্দের ৮ই ডিসেম্বর পর্যন্ত তিনি যে সমস্ত দায়িত্ব পালন করেন সেগুলো হলো : (ক) ডিরেক্টর অব স্টাডিজ, (খ) প্রিফেক্ট অব রিলিজিয়ন, (গ) লিজেন অব মেরী'র আধ্যাত্মিক পরিচালক, বাংলায় প্রকাশিত বুলেটিন 'মুকুর'-এর সম্পাদক ও প্রকাশক (ঘ) কলেজে ফাদারদের হাউজ কাউন্সিল সদস্য। তাছাড়া লাটিন ভাষায় প্রচুর দক্ষতা থাকায় সারা দেশে কলেজ পর্যায়ে লাটিন ভাষার প্রশ্ন তৈরির দায়িত্ব তিনি পেয়েছিলেন এবং দক্ষতা ও আনন্দের সাথে পালনও করেছেন।

### ভাইস প্রিন্সিপাল এবং প্রিন্সিপাল ফাদার গাঙ্গুলী

১৯৫৮ খ্রিস্টাব্দের নভেম্বর মাসের ১ তারিখে ফাদার থিওটোনিয়াস অমল গাঙ্গুলীকে নটর ডেম কলেজের অস্থায়ী ভাইস প্রিন্সিপাল নিযুক্ত করা হয়। কলেজের দায়িত্বের পাশাপাশি দেওয়া হয় সহকারী সুপিরিয়রের দায়িত্ব। একই মাসের ১৪ তারিখে কলেজের প্রধান নিয়ম-শৃঙ্খলা রক্ষাকারীর দায়িত্ব দেওয়া হয়। তিনি সবই সাদরে গ্রহণ করেন এবং দক্ষতার সাথে পালন করেন। ১৯৫৯ খ্রিস্টাব্দের ১লা মে তিনি 'Harvest' নামক একটি প্রকাশনার দায়িত্ব লাভ করেন। ঐ বছরেরই ২৯শে মে স্থায়ীভাবে কলেজের ভাইস প্রিন্সিপালের দায়িত্ব লাভ করেন।

ফাদার গাঙ্গুলী অস্থায়ী অধ্যক্ষের দায়িত্ব লাভ করেন ১৯৬০ খ্রিস্টাব্দের ১২ই এপ্রিল। একই বছর ৩০শে এপ্রিল তিনি স্থায়ীভাবে অধ্যক্ষের দায়িত্ব লাভ করেন। তাঁর দায়িত্ব গ্রহণের মধ্য দিয়ে প্রথম এদেশীয় একজন অধ্যক্ষ দ্বারা স্বনামধন্য নটর ডেম কলেজের নতুন যাত্রা শুরু হয়।

## পালক হিসাবে আর্চবিশপ গাঙ্গুলী

তখন নটর ডেম কলেজের ক্লাস বন্ধ থাকত সপ্তাহের শনিবার ও রবিবার। কলেজের রুটিন মাফিক কাজের অবসরে ফাদার গাঙ্গুলীসহ অন্য ফাদারগণ মণ্ডলীর বিভিন্ন কাজে নিজেদের ব্যস্ত রাখতেন। বিশেষ করে রবিবাসরীয় খ্রিস্টযাগে যোগ দিয়ে যাজকীয় সেবাকাজ করতেন। এতে পুরোহিত হিসাবে নিজের মনের মধ্যে আলাদা একটা ঐশ অনুভূতি সজীব থাকত। অনেক সময় ধর্মপ্রদেশীয় ফাদারগণ নির্জনধ্যান ও অনান্য কাজে ধর্মপল্লির বাইরে যেতেন তখন ধর্মপল্লি খালি থাকত। বিশেষ করে এই সময়টায় নটর ডেম কলেজ থেকে ফাদারগণ গিয়ে রবিবারের খ্রিস্টযাগসহ অন্যান্য কাজে সাহায্য করতেন।

ফাদার গাঙ্গুলীর কণ্ঠস্বর ছিল খুবই মধুর ও দরদী। তিনি ইংরেজি ও বাংলা গান স্বরলিপি দেখে গাইতে পারতেন। ১৯৫৪ খ্রিস্টাব্দের ১৭ই এপ্রিল রমনা ক্যাথিড্রালে পুণ্য শনিবারের অনুষ্ঠানের গান তিনি পরিচালনা করেন। একই বছর রাঙ্গামাটিয়া ধর্মপল্লিতে ২৪শে ডিসেম্বর মধ্যরাত্রির বড়দিন উৎসবেও গান গেয়ে পালক পুরোহিতকে সহায়তা করেন। সেই সময়ে দেশের রাস্তাঘাট ছিল খুবই খারাপ। একস্থান থেকে অন্যস্থানে যেতে ভীষণ কষ্ট হতো। তখন মানুষ যাতায়াতের জন্য পায়ে হেঁটে, ঘোড়ার পিঠে বা বাইসাইকেলে চড়ে যাতায়াত করত। ফাদার গাঙ্গুলী সেই সময় বাইসাইকেলে চড়ে নাগরী, রাঙ্গামাটিয়া, মঠবাড়ী, ধরেন্ডা শুলপুর, গোলস্না, তুইতালসহ ভাওয়াল ও আঠারগ্রাম অঞ্চলের প্রায় প্রতিটি ধর্মপল্লিতে যাতায়াত করতেন। এইভাবে ফাদার গাঙ্গুলী নটর ডেম কলেজের গুরুত্বপূর্ণ কাজের পাশাপাশি পালকীয় কাজের দায়িত্ব নিয়ে অনেক জায়গায় গিয়েছেন। দুর্গম পথ বা প্রতিকূল আবহাওয়া তাঁকে দমিয়ে রাখতে পারেনি।

**যুব গঠন কাজে গাঙ্গুলীর অবদান :** ফাদার থিওটোনিয়াস অমল গাঙ্গুলী একজন কর্মপাগল ধার্মিক মানুষ ছিলেন। কাজ করার মধ্যে তাঁর প্রচুর আনন্দ। তাই নটর ডেম কলেজে যুবকদের পড়াশুনা এবং সহকার্যক্রমে সহায়তা করা ছাড়াও যুব বয়সের স্বপ্নময় চিন্তা ও বাস্ত বতার কঠিনতম অধ্যায় নিয়ে দিক নির্দেশনা দিয়ে তাদের নিয়ে কাউন্সেলিং করতেন।

ফাদার গাঙ্গুলী সব সময় চেষ্টা করতেন কীভাবে যুবকদের নৈতিক গঠন বেশি জোরদার করা যায়। তাই তিনি যুবকদের সাথে থেকে ব্যক্তিত্বের বিকাশের উপর জোর দিতেন এবং আধ্যাত্মিক উপদেশ দিয়ে মনে সাহস যোগাতেন। এরই ধারাবাহিকতায় তিনি কলেজ হোস্টেলের ছাত্রদের জন্য নির্জন ধ্যান পরিচালনা করতেন। ১৯৫৪ খ্রিস্টাব্দের ২০শে এবং ২১শে আগস্ট দুই দিনব্যাপী এক নির্জন ধ্যান পরিচালনা করেন সেন্ট লরেন্স হোস্টেলের ছেলেদের জন্য।

মণ্ডলীতে যুবক-যুবতীদের সমস্যা নিয়ে তিনি নিজের উদ্যোগে একটি লিখিত প্রস্ত াবনা ১৯৫৪ খ্রিস্টাব্দের ১৫ই ডিসেম্বর রমনা ক্যাথিড্রালে অনুষ্ঠিত ধর্মপ্রদেশের পালক-পুরোহিতদের সভায় উপস্থাপন করেছিলেন। ১৯৫৫ খ্রিস্টাব্দের ২৪শে জুলাই তিনি হোস্টেলের ছেলেদের জন্য আরও একটি নির্জন-ধ্যান পরিচালনা করেন।

# পাঠ ৫ : বিশপ ও আর্চবিশপ পদে গাঙ্গুলী

## বাংলাদেশের প্রথম বাঙালি বিশপ গাঙ্গুলী

নটর ডেম কলেজের অধ্যক্ষপদ লাভ করার মাত্র চার দিনের মাথায়, ১৯৬০ খ্রিষ্টাব্দের ৩রা সেপ্টেম্বর ফাদার থিওটোনিয়াস অমল গাঙ্গুলী পোপ ত্রয়োবিংশ যোহনের প্রেরিত পত্রের মাধ্যমে জানতে পারলেন যে তাঁকে বিশপ হওয়ার জন্য মনোনীত করা হয়েছে। ফাদার থিওটোনিয়াস অমল গাঙ্গুলী, সিএসসি ঢাকায় এবং দেশের প্রায় সর্বত্রই মোটামুটি পরিচিত মুখ হয়ে উঠেছিলেন। ইতিপূর্বে তিনি শিক্ষাক্ষেত্রে প্রশাসন কাজসহ অন্যান্য বেশ কিছু অভিজ্ঞতা সঞ্চয় করেছেন। তাঁর ব্যক্তিত্বের মধ্যে আছে সুবিবেচনা, নম্রতা, ভ্রাতৃপ্রেম, খ্রিষ্টতুল্য ধৈর্য ইত্যাদি বিশেষ বিশেষ গুণ। তাঁর সুপিরিয়র এবং কলেজে কর্মরত সব ফাদার, শিক্ষক, অফিস সহকারী, শিক্ষার্থীবৃন্দ— সকলেই তাঁর চরিত্রের নানাবিধ গুণ লক্ষ করেছেন এবং তিনি যে ভবিষ্যতে অনেক বড় দায়িত্ব পালন করতে সক্ষম তাও সকলেই উপলব্ধি করতে পেরেছিলেন। সকলেই তাঁকে নিয়ে এই স্বপ্ন দেখছিল যে, গাঙ্গুলী খুব শীঘ্রই মণ্ডলীর একটি বড় দায়িত্ব লাভ করতে যাচ্ছেন। এ কারণে ক্রমান্বয়ে তাঁর উপর বড় বড় দায়িত্বভারও অর্পণ করা হচ্ছিল। অচিরেই দেখা গেল সকলের স্বপ্ন বাস্ত বে রূপ নিতে লাগল।

বিশ্বব্যাপী সকল বাঙালির মধ্যে মণ্ডলীর প্রথম বিশপ হওয়ার গৌরব অর্জন করেছিলেন থিওটোনিয়াস অমল গাঙ্গুলী। বিশপ হিসেবে তাঁর নির্বাচিত হওয়া, বিশপ পদে অভিষিক্ত হওয়া, আর্চবিশপ হওয়া ইত্যাদি বিষয় মণ্ডলীর ইতিহাসে খুবই তাৎপর্যপূর্ণ।



বাংলাদেশের প্রথম বাঙালি বিশপ গাঙ্গুলী

ঐ মুহূর্তে দেশি-বিদেশি সকলের কাছেই এটি একটি অভূতপূর্ব, অশ্রুতপূর্ব বিষয় ছিল বলে আনন্দের আর শেষ ছিল না।

এই শুভ বার্তাটি পাকিস্ত ান অবজারভারে এবং রোমের পত্রিকা অবজারভাতোরে রোমানো-তে প্রকাশিত হলো। আরও জানানো হলো যে, কার্ডিনাল আগাজিনিয়ান স্বয়ং উপস্থিত হয়ে অক্টোবরের ৭ তারিখে গাঙ্গুলীকে বিশপ পদে অভিষিক্ত করবেন। দেখতে দেখতে ১৯৬০ খ্রিষ্টাব্দের ৭ই অক্টোবর এসে গেল। কার্ডিনাল আগাজিনিয়ানও ঢাকায় এসে উপস্থিত হলেন। অসংখ্য যাজক, ব্রাদার, সিস্টার, দেশি ও বিদেশি অতিথিবর্গ এবং খ্রিষ্টভক্তের উপস্থিতিতে রমনা ক্যাথিড্রালে ভীষণ গরম আবহাওয়ার বিকালে অনুষ্ঠিত হলো গাঙ্গুলীর বিশপ হওয়ার অনুষ্ঠান।

ঢাকা মহাধর্মপ্রদেশের সকল ধর্মপল্লি, নটর ডেম কলেজসহ বিভিন্ন প্রতিষ্ঠান থেকে নব অভিষিক্ত গাঙ্গুলীকে অভ্যর্থনা জানান হলো। এবার শুরু হলো তাঁর কাজের পালা। তাঁর প্রথম দায়িত্ব হলো ঢাকা মহাধর্মপ্রদেশের সহকারী বিশপের দায়িত্ব পালন করা। এসময় ময়মনসিংহ, জামালপুর, শেরপুর, নেত্রকোনা, কিশোরগঞ্জ, টাঙ্গাইল ইত্যাদি মান্দিদের উপর নানাবিধ অত্যাচার শুরু হয়। এতে ঢাকার আর্চবিশপ লরেন্স গ্রেনার, সিএসসি পাকিস্তান সরকারের সমালোচনা করেন। এর ফলস্বরূপ ১৯৬৫ খ্রিস্টাব্দের নভেম্বর মাসে আর্চবিশপ গ্রেনারকে দেশ ত্যাগ করে চলে যেতে হয়।

### আর্চবিশপ পদে গাঙ্গুলী

আর্চবিশপ গ্রেনার দেশ থেকে চলে গেলেও তিনি আশায় ছিলেন, সরকার তাঁকে আবার ফিরে আসার সুযোগ দিবে। তাই পোপ মহোদয় তাঁকে নির্দেশ দিলেন তিনি যেন আর্চবিশপের পদ থেকে সরে না যান। এদিকে আর্চবিশপ গাঙ্গুলী ঢাকা মহাধর্মপ্রদেশের প্রশাসক হিসাবে দায়িত্ব পালন করতে থাকেন। আর্চবিশপ গ্রেনারের আর এদেশে ফেরার সুযোগ হলো না। অবশেষে ১৯৬৭ খ্রিস্টাব্দের ৩রা নভেম্বর তিনি পদত্যাগপত্র পোপ মহোদয়ের কাছে জমা দিলেন। আর সেদিন থেকেই আর্চবিশপ গাঙ্গুলী ঢাকা মহাধর্মপ্রদেশের স্থায়ী আর্চবিশপ পদে বহাল হলেন। তবে তাঁর দায়িত্ব গ্রহণের অনুষ্ঠানটি সম্পন্ন হলো ১৯৬৮ খ্রিস্টাব্দের ২১শে জানুয়ারি তারিখে। তাঁর সুদক্ষ পরিচালনায় ঢাকা মহাধর্মপ্রদেশ খুব সুন্দরভাবেই পরিচালিত হতে লাগল।

অনেক বছর যাবৎ মণ্ডলীর কর্ণধার ছিলেন বিদেশি। এখন স্বদেশি নেতৃত্ব শুরু হলো। এতে আর্চবিশপ গাঙ্গুলীকে কিছু কিছু কঠিন মুহূর্তে পড়তে হয়। কঠিন সমস্যাগুলোর মধ্যে প্রধান একটি দিক ছিল মণ্ডলীর কাজকর্ম পরিচালনা করার জন্য যথেষ্ট টাকাপয়সার অভাব। তা সত্ত্বেও তিনি শক্ত হাতে মণ্ডলী পরিচালনা করেন। তিনি অতি সহজ সরল ব্যক্তি ছিলেন। সহজে কাউকে তিনি আঘাত দিতে পারতেন না। কারও সাথে তিনি কোনোদিন রাগ করেননি। এই কারণে অনেকে তাঁকে বেশি ভালো চোখে দেখতেন না। এসব কারণে তিনি একটু চিন্তিত ছিলেন। কিন্তু আমরা জানি ঈশ্বর তাঁকে এই কাজের জন্য বেছে নিয়েছিলেন। কাজেই ঈশ্বর তাঁকে একাকী ছেড়ে দেননি।

## পাঠ ৬ : বাংলাদেশের মুক্তিযুদ্ধে আর্চবিশপ গাঙ্গুলীর ভূমিকা

বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধের গৌরবময় ইতিহাস প্রতিটি দেশপ্রেমিক নাগরিকেরই জানা আছে। সেই যুদ্ধকলীন দিনগুলোতে, জাতির সেই সংকটকালে আর্চবিশপ গাঙ্গুলী অতিশয় সাহসী ভূমিকা পালন করেছেন।

পশ্চিম পাকিস্তানি শাসকগোষ্ঠী সাধারণ নির্বাচনে হেরেও ক্ষমতা ছাড়েনি। উল্টো পূর্ব বাংলার নিরস্ত্র মানুষকে হত্যা, সম্পদ লুটপাট, জ্বালাও-পোড়াও আরম্ভ করে। প্রাণের ভয়ে আশ্রয়হীন লক্ষ লক্ষ বাংলাদেশি মানুষ ভারতে গিয়ে আশ্রয় নিতে থাকল। ঠিক সেই ক্রান্তিলগ্নে আর্চবিশপ গাঙ্গুলী সকল ফাদার, ব্রাদার ও সিস্টারদের কাছে একটি জরুরি পরিপত্র পাঠালেন। এর মাধ্যমে তিনি জানিয়ে দিলেন যে, জাতির এই বিপদ মুহূর্তে আমাদের নীরব হয়ে বসে থাকা যাবে না। মানুষের দুঃখ-কষ্ট লাঘব করার জন্য সবাইকে কাজে নেমে পড়তে হবে। তিনি বলেছিলেন সকল বিদ্যালয়ে যেন গৃহহারা কষ্টভোগী মানুষকে আশ্রয় দেওয়া হয়।

তিনি আরও সিদ্ধান্ত নিয়েছিলেন যে, পূর্ব পাকিস্তান এবং পশ্চিম পাকিস্তান খ্রিস্টমণ্ডলীর পক্ষ থেকে একটি সম্মিলিত বিবৃতি প্রস্তুত করে পাকিস্তান সরকারের নিকট হস্তান্তর করা হবে। সরকারকে এই হত্যাযজ্ঞ বন্ধ করার আবেদন জানান হবে। তাই তিনি পশ্চিম পাকিস্তান গিয়েছিলেন। কিন্তু সেখানে যাবার পর তাঁকে বলা হয় যে, এই ধরনের পদক্ষেপে সরকার বরং খ্রিষ্টানদের উপর আরও ক্ষেপে যেতে পারে। তাই তিনি ফিরে আসেন।

আমাদের মুক্তিযুদ্ধ আরম্ভ হওয়ার পর অগণিত মানুষের দুঃখদুর্দশা ও নির্যাতনের কথা আর্চবিশপ গাঙ্গুলী পোপ ষষ্ঠ পলকে জানিয়েছিলেন। পুণ্যপিতা পোপ ষষ্ঠ পল ক্যাথলিক বিশপস কনফারেন্স অব ইস্ট পাকিস্তান–এর প্রেসিডেন্ট আর্চবিশপ গাঙ্গুলীর নিকট লিখিত এক পত্রের মাধ্যমে পূর্ব পাকিস্তানের সকল বিশপ, পুরোহিত, সন্ন্যাসব্রতী/ব্রতিনী ও জনগণের প্রতি সমবেদনা জানিয়েছিলেন এবং আন্তর্জাতিক নেতৃবর্গের কাছে এই ধরনের যুদ্ধের অবসানের জন্য আবেদন জানিয়েছিলেন।

পোপ ষষ্ঠ পল পুনরায় এক বার্তায় সারা বিশ্বের মানুষের নিকট আবেদন জানিয়েছিলেন ১০ই অক্টোবর, রবিবার, পূর্ব পাকিস্তানের সর্বত্র শান্তি প্রতিষ্ঠার জন্য প্রার্থনা করতে। তিনি এখানে ঘটতে থাকা জঘন্য অপরাধের জন্য গভীর অনুতাপ ও প্রায়শ্চিত্ত করার জন্যও সকলকে অনুরোধ জানিয়েছিলেন। আর্চবিশপ গাঙ্গুলী সেই মোতাবেক ৫ই অক্টোবর লিখিত এক চিঠি দিয়ে সব ধর্মপল্লির ফাদারদের কাছে নির্দেশ দিয়েছিলেন যেন সকল ধর্মপল্লিতে পোপ মহোদয়ের এই উদ্দেশ্য অনুসারে পদক্ষেপ গ্রহণ করা হয়।

মুক্তিযুদ্ধ নিয়ে আর্চবিশপ গাঙ্গুলীর কৌশলগত অবদানের ফলে যুদ্ধকালীন সময়ে ধর্ম-বর্ণ-শ্রেণি নির্বিশেষে সকল মানুষই বাংলাদেশের খ্রিস্টমণ্ডলী কর্তৃক নানাভাবে উপকৃত হয়েছিল। অবশেষে ১৯৭১ খ্রিস্টাব্দের ১৬ই ডিসেম্বর আসে শান্তির বার্তা নিয়ে সেই কাঙ্ক্ষিত বিজয়, বাঙালি জাতির গৌরবময় মুক্তির বিজয়। দেশের মানুষের মন ঈশ্বরের প্রতি কৃতজ্ঞতায় ভরে ওঠে।

আমাদের মুক্তিবাহিনীকে প্রশিক্ষণ ও অস্ত্র দিয়ে অবশেষে সৈন্যবাহিনী দিয়ে সহায়তা করেছিল ভারত। এ কারণে মাত্র ৯ মাসে আমাদের বিজয় নিশ্চিত হয়েছিল। বিজয় লাভের পরও নিরাপত্তা নিশ্চিত করার জন্য এবং সব কিছু শান্ত না হয়ে ওঠা পর্যন্ত ভারতীয় বাহিনী অন্তত এক মাস আমাদের দেশে অবস্থান করেছিল। ঐ সময় ভারতীয় সেনাবাহিনীর জেনারেল অফিসার কমান্ডিং-এর দায়িত্বে ছিলেন ব্রিগেডিয়ার আর. এন. মিস্রা। এই সময়ে সর্বত্রই আনন্দের সুবাতাস বয়ে চলছিল। সদ্যোজাত বাংলাদেশের খ্রিস্টমণ্ডলীতে তখন দ্বিগুণ আনন্দ– একদিকে বড়দিনের মহানন্দ এবং অন্যদিকে স্বাধীনতা লাভের উল্লাস। আর্চবিচশপ গাঙ্গুলী পঞ্চম বিশ্বশান্তি দিবস উপলক্ষে ১৯৭২ খ্রিস্টাব্দের ২রা জানুয়ারি মণ্ডলীর পক্ষ থেকে বাংলাদেশ ও ভারতীয় বাহিনীকে যৌথভাবে সংবর্ধনার আয়োজন করেন। উক্ত অনুষ্ঠানে দেশের বেশ কয়েকজন গণমান্য ব্যক্তি, মন্ত্রীবর্গ, অফিসার ও সৈন্য এবং ভারতের ব্রিগেডিয়ার আর এন মিস্রাসহ বেশ কয়েকজন গণ্যমান্য ব্যক্তি উপস্থিত ছিলেন। আর্চবিশপ থিওটোনিয়াস অমল গাঙ্গুলী, সিএসসি অনুষ্ঠানে তাঁদের সংবর্ধনা প্রদান এবং পঞ্চম বিশ্ব শান্তিদিবসকে কেন্দ্র করে লিখিত একটি বক্তব্য পাঠ করেন।

বক্তব্যের মধ্যে আর্চবিশপ গাঙ্গুলী বলেন, "গভীর সম্মান ও কৃতজ্ঞতাভরা অন্তরে আমি ভারতীয় সেনাবাহিনী এবং আমাদের মুক্তিবাহিনীর জওয়ানদের অভিনন্দন জানাচ্ছি। কারণ আপনারা আমাদের বাংলাদেশে স্বস্তি ও

শান্তি পুনঃপ্রতিষ্ঠিত করেছেন। তাই আজ আনন্দে আপ্লুত হয়ে আপনাদেরকে আমরা আমাদের মাঝে অতিথি হিসেবে বরণ করে নিচ্ছি; যাঁরা আমাদের দেশে ন্যায্যতা ও শান্তি আনয়নের জন্য অকাতরে জীবন দান করেছেন আমরা কী করে আজ তাঁদের ভুলে থাকি? আমাদের সবিনয় প্রার্থনা, কৃপাময় পরমেশ্বর তাঁদেরকে যোগ্য পুরস্কারে ভূষিত করুন।"

## পাঠ ৭ : অনন্ত যাত্রা

আর্চবিশপ গাঙ্গুলী সর্বদাই মনে রাখার চেষ্টা করতেন, একদিন তাঁকে চিরনিদ্রায় নিদ্রিত হতে হবে। যে ব্রত নিয়ে তিনি একজন পুরোহিত ও পরে সন্ন্যাসব্রতী হয়েছিলেন, যে প্রতিজ্ঞা পালনের জন্য তিনি বিশপ পদে অভিষিক্ত হয়েছিলেন তা বিশ্বস্ত ভাবে পালন করার জন্য তাঁকে সর্বশক্তি নিয়োগ করতেই হবে। আজ শেষ হয়েছে তাঁর সেই যাত্রা, সেই অবিরাম লক্ষ্যের পানে ধেয়ে চলা। যে কর্তব্যভার তাঁর উপর ন্যস্ত করা হয়েছিল তা তিনি সর্বশক্তি নিয়োগ করে সমাধান করার আপ্রাণ চেষ্টা করেছেন। অনেকবার অসুস্থ হয়ে পড়লেও আবার তিনি উঠে দাঁড়িয়েছেন, আবার মনে এনেছেন তাঁর কাঁধে ন্যস্ত কর্তব্যকর্মের কথা। অনেকবার হতাশাগ্রস্ত হলেও বারবার প্রার্থনার দ্বারা মনে আশা ফিরিয়ে এনেছেন।

প্রতিদিনই তিনি খ্রিষ্টযাগ ও ধ্যান-প্রার্থনায় প্রভুর দূতের হাত থেকে খাদ্য ও পানীয় খেয়েছেন এবং এভাবে তাঁর দীর্ঘ পথ অতিক্রম করেছেন। আজ তাঁর পথযাত্রা শেষ হলো। পরমেশ্বরের কোলে তাঁর অনন্ত বিশ্রামের ঘুমে ঘুমিয়ে পড়ার সময় আজ এসে গেছে। এবার শত চেষ্টা করেও, কানফাটানো চিৎকার করেও কেউ তাঁকে আর সজাগ করতে পারবে না। তাঁর পাশাপাশি যাঁরা পথ চলেছেন, একযোগে কাজ করেছেন তাঁরাও কোনো কিছুই অনুমান করতে পারেননি। হঠাৎ করে থেমে গেল তাঁর নিরবচ্ছিন্ন যাত্রা। তাই তিনি বিদায়মূলক কোনো কিছুই বলে যেতে পারলেন না। কারও জন্য কোনো সান্ত্বনার বাণী দিয়ে যেতে পারলেন না।

আর্চবিশপের মৃত্যুর ক্ষণটিতে ফাদার চার্লস গিলেস্পি, সিএসসি এবং সিস্টার প্রজ্ঞা, এসএমআরএ কাছে ছিলেন। ফাদার গিলেস্পির লেখা চিঠি থেকে আমরা জানতে পারি যে, ১৯৭৭ খ্রিষ্টাব্দের ২রা সেপ্টেম্বর, শুক্রবার, বিকেল আনুমানিক ৩.৪৫ মিনিটের সময় আর্চবিশপ গাঙ্গুলী হঠাৎ অসুস্থ হয়ে পড়েন। বুকে ভীষণ ব্যথা অনুভব করেন। ফাদার গিলেস্পি ও সিস্টার প্রজ্ঞা গাড়িতে করে আর্চবিশপকে নিয়ে রওনা দেন হাসপাতালের উদ্দেশে। পথেই তাঁর অবস্থা আরও খারাপ হয়ে যায়। হাসপাতালে পৌঁছার আগেই তিনি মৃত্যুর কোলে ঢলে পড়েন।

তাঁর মৃত্যুতে সারা দেশের খ্রিস্টান সমাজে শোকের ছায়া নেমে আসে। আমাদের দেশের সব বিশপ তখন ঢাকায় আসেন। অগণিত ভক্তসাধারণও তাদের প্রিয় আর্চবিশপকে এক নজর দেখার জন্য ঢাকায় এসে জমা হয়। পরদিন, ৩রা সেপ্টেম্বর শেষ কৃত্যানুষ্ঠানে মহা খ্রিষ্টযাগ অর্পণ করা হয়। প্রধান পুরোহিতের ভূমিকা পালন করেন তখনকার খুলনার বিশপ মাইকেল অতুল ডি' রোজারিও, সিএসসি এবং উপদেশ দিয়েছিলেন ফাদার টমাস জিমারম্যান, সিএসসি। পরে আর্চবিশপ গাঙ্গুলীকে আর্চবিশপ ভবনের সামনেই সমাধিস্থ করা হয়।

## পাঠ ৮ : ঈশ্বরের সেবক আর্চবিশপ গাঙ্গুলী

বাংলাদেশ খ্রিস্টমণ্ডলীর প্রথম বাঙালি আর্চবিশপ থিওটোনিয়াস অমল গাঙ্গুলী, সিএসসি। তিনি শুধু লেখাপড়ায় প্রতি শ্রেণিতেই প্রথম হননি, প্রতিটি কাজে, দায়িত্ব-কর্তব্যে, ব্রতীয় জীবনে, মানুষের সাথে সম্পর্ক ও সহযোগিতায় তিনি ছিলেন আন্তরিক। তিনি সাহস ও প্রজ্ঞায়, চিন্তা-চেতনায়, বিজ্ঞ ব্যক্তির ন্যায় সিদ্ধান্ত গ্রহণসহ সকল কিছুতেই ছিলেন সবার প্রিয়। যে কেউ একবার তাঁর সান্নিধ্য পেয়েছেন তিনি তাঁর বিষয়ে জীবন্ত সাক্ষী হওয়ার সুযোগ পেয়েছেন।

১৯৭৭ খ্রিষ্টাব্দের ২রা সেপ্টেম্বর মৃত্যুবরণ করলেন মহামনীষী আর্চবিশপ গাঙ্গুলী। মৃত্যু এসে ভক্তদের মন থেকে তাঁকে মুছে ফেলতে পারেনি। এখনও প্রতিবছর তাঁর মৃত্যুদিবস এলে শত শত ভক্ত ভিড় করে তাঁর সমাধিস্থলে। তাঁর মৃত্যুর পর নটর ডেম কলেজের নতুন ভবনের নামকরণ করা হয় আর্চবিশপ গাঙ্গুলীর নামে। ২০০৯ খ্রিষ্টাব্দে ক্যাথলিক মণ্ডলী কর্তৃক স্থাপিত একমাত্র টিচার্স ট্রেনিং কলেজটির নামকরণ কর হয় আর্চবিশপ টি, এ, গাঙ্গুলী টিচার্স ট্রেনিং কলেজ হিসাবে। দিনে দিনে তাঁর প্রতি ভক্তদের ভক্তি বৃদ্ধি পাওয়ার ঘটনাটি ঢাকা মহাধর্মপ্রদেশের আর্চবিশপ পরম শ্রদ্ধেয় পৌলিনুস কস্তা জনগণের পক্ষ থেকে পোপ মহোদয়ের সাধু-সন্ত বিষয়ক বিভাগের কাছে তুলে ধরেন। একই সাথে আর্চবিশপ গাঙ্গুলীকে সাধুশ্রেণিভুক্ত করণের প্রক্রিয়া শুরু করার আবেদন করেন।

পোপ মহোদয়ের সাধু-সন্ত বিষয়ক বিভাগের দৃষ্টিতে বিষয়টি খুবই গুরুত্ববহ বলে বিবেচিত হয়। স্বর্গীয় আর্চবিশপ গাঙ্গুলীর ভক্ত জনগণের গভীর ভক্তি ও শ্রদ্ধা ব্যাপকভাবে বেড়ে যাওয়ায় বিশেষ গুরুত্ব দিয়ে ২০০৬ খ্রিষ্টাব্দের ২রা সেপ্টেম্বর আর্চবিশপের ২৯তম মৃত্যুবার্ষিকীতে পোপ মহোদয়ের অনুমোদনে এবং ঢাকা মহাধর্মপ্রদেশের বিশেষ ব্যবস্থাপনায় প্রয়াত আর্চবিশপ গাঙ্গুলীকে দেওয়া হয় এক বিশেষ উপাধি– 'ঈশ্বরের সেবক'।

২০০৬ খ্রিষ্টাব্দের ২রা সেপ্টেম্বর 'ঈশ্বরের সেবক আর্চবিশপ গাঙ্গুলী'র ধন্য শ্রেণিভুক্তিকরণের উদ্দেশ্যে একটি ট্রাইব্যুনাল গঠন করা হয়। এই কমিটি ধন্যশ্রেণিভুক্ত হওয়ার কাজ এগিয়ে নিবেন। আমাদের প্রার্থনা ঈশ্বর তাঁর এই ভক্তসাধককে স্বর্গে ও পৃথিবীতে সর্বত্র মহিমান্বিত করুন।

